অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/2/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করলেন যে 15 শতাংশের বেশি নিউ ইয়র্কবাসীরা COVID-19 টিকার অন্তত একটি ডোজ পেয়েছেন

আজ পর্যন্ত 3 মিলিয়নের বেশি প্রথম ডোজ দেওয়া হয়েছে; গত 24 ঘণ্টায় ঘণ্টায় 110 হাজারেরও বেশি মোট ডোজ দেওয়া হয়েছে

নিউ ইয়র্ক এই সপ্তাহে জনসন এবং জনসন টিকরা প্রায় 164,800 ডোজ গ্রহণ করবে

আজ সকাল 11টা পর্যন্ত, নিউ ইয়র্কের সরবরাহকারীরা প্রথম ডোজের 95% প্রদান করেছে

নতুন রাজ্যব্যাপী টিকা গ্রহণের হারের জনসংখ্যাতাত্ত্বিক বিশদ তথ্য

টীকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে রাজ্যের টীকা প্রোগ্রাম সম্পর্কে আপডেট প্রদান করতে; ny.gov/vaccinetracker যান

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো ঘোষণা করলেন যে 15.2 শতাংশ নিউ ইয়র্কবাসীরা COVID-19 টিকার অন্তত একটি ডোজ পেয়েছেন। উপরন্তু, নিউ ইয়র্ক সরবরাহকারীদের দ্বারা এখন পর্যন্ত 3 মিলিয়ন প্রথম ডোজ দেওয়া হয়েছে এবং গত 24 ঘণ্টায় 114,730 প্রথম এবং দ্বিতীয় ডোজ টিকা দেওয়া হয়েছে। আজ সকাল 11:00টা পর্যন্ত, নিউ ইয়র্কের প্রদানকারীরা প্রথম ডোজের 95% প্রদান করেছে। নিউ ইয়র্ক আশা করছে যে এই সপ্তাহে জনসন অ্যান্ড জনসন টিকার প্রায় 164,800 ডোজ পাবে। এই অতিরিক্ত ডোজ নিউ ইয়র্ক স্টেটের প্রত্যাশিত সপ্তাহ 12 ফাইজার এবং মডার্না সরবরাহের সম্পূরক হবে, যার মোট সংখ্যা 478,080 ডোজ, যা সর্বোচ্চ সাপ্তাহিক টিকা বরাদ্দ। ফেডারেল সরকার কাছ থেকে 12তম সপ্তাহের বরাদ্দ এই সপ্তাহের মাঝামাঝিতে আসা শুরু হবে।

"নিউ ইয়র্ক স্টেট টিকা টাস্কফোর্স সর্বসম্মতিক্রমে জনসন অ্যান্ড জনসন টিকা রসুপারিশ করার সাথে সাথে, আমরা আমাদের রাজ্যের প্রতিটি প্রান্ত থেকে COVID নির্মূলের আরও এক ধাপ কাছে এগিয়ে গিয়েছি," **গভর্নর কুওমো বলেন।** "আমি আত্মবিশ্বাসী যে আমরা আমাদের সাপ্তাহিক বরাদ্দ বৃদ্ধি দেখতে থাকব এবং এর ফলে দ্রুত এবং ন্যায্যভাবে হাতে আরও টিকা দেওয়া যাবে, কিন্তু সময় লাগবে। প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে টিকা না দেওয়া পর্যন্ত যুদ্ধ জেতা যাবে না। আমি সকল যোগ্যতাসম্পন্ন নিউ ইয়র্কবাসীদের অনুরোধ করছি একটি অ্যাপয়েন্টমেন্ট করতে এবং যখন তাদের

পালা আসবে তখন টিকা নিতে, এবং পুরোপুরি টিকা দেওয়ার পরেও একটি মাস্ক পড়া এবং সামাজিক দূরত্ব পালন অব্যাহত রাখতে।"

উপরন্তু, গভর্নর রাজ্যব্যাপী জনসংখ্যাতাত্ত্বিক তথ্য আপডেট প্রকাশ করেছেন: জনসংখ্যাতাত্ত্বিক তথ্য টিকাপ্রাপ্ত ব্যক্তিদের দ্বারা স্ব-প্রতিবেদন করা হয়। নিচের জনসংখ্যাতাত্ত্বিক উপাত্ত সেই সমস্ত ব্যক্তিদের বাদ দেয় যারা রিপোর্ট করতে অস্বীকৃতি জানায় অথবা রেকর্ড করতে অস্বীকৃতি জানায় যেখানে তথ্য সুপ্রাপ্য নয়।

	স্টেটজুড়ে/সমগ্র স্টেটে	**ক্যাপিটাল রিজিওন**	**সেন্ট্রাল নিউ ইয়র্ক**	**ফিঙ্গার লেকস**	**লং আইল্যান্ড**	**মিড-হাডসন**	**মোহক ভ্যালি**	**নিউ ইয়র্ক সিটি**	**নর্থ কান্ট্রি**	**সাউদার্ন টিয়ার**	**ওয়েস্টার্ন নিউ ইয়র্ক**
জাতি অনুযায়ী কমপক্ষে একটি টিকা ডোজ নেওয়া ব্যক্তি (মোট ব্যক্তির শতকরা শতাংশ যাদের টিকা দেওয়া হয়েছে)											
শ্বেতাঙ্গ	79.2%	93.3%	94.2%	92.3%	85.3%	86.6%	97.2%	58.9%	98.0%	95.6%	92.6%
আফ্রিকান আমেরিকান	8.7%	3.5%	2.6%	4.8%	5.3%	7.1%	1.4%	16.6%	0.6%	1.9%	4.0%
এশীয়	10.5%	2.7%	1.9%	2.2%	8.5%	5.3%	1.1%	21.5%	0.8%	2.0%	2.0%
অন্য	1.6%	0.5%	1.3%	0.6%	0.9%	1.0%	0.4%	3.0%	0.6%	0.5%	1.4%
আঞ্চলিক বেঞ্চমার্ক (জনসংখ্যার% বয়স 15+)											
শ্বেতাঙ্গ	70.4%	86.2%	87.4%	84.5%	79.8%	78.6%	91.8%	53.0%	91.2%	90.0%	84.7%
আফ্রিকান আমেরিকান	17.3%	7.7%	7.4%	10.7%	10.7%	13.5%	4.2%	27.3%	4.7%	3.9%	10.1%
এশীয়	9.2%	3.8%	2.5%	2.6%	7.3%	5.0%	2.2%	15.5%	1.2%	3.9%	2.7%
অন্য	3.2%	2.3%	2.6%	2.2%	2.2%	2.9%	1.8%	4.2%	2.9%	2.2%	2.4%
এথনিসিটি অনুযায়ী কমপক্ষে একটি টিকা ডোজ নেওয়া ব্যক্তি (মোট ব্যক্তির শতকরা শতাংশ যাদের টিকা দেওয়া হয়েছে)											

হিসপ্যানিক অথবা ল্যাটিনো	10.0%	1.9%	1.5%	3.0%	7.3%	9.7%	1.9%	19.0%	1.1%	1.5%	2.2%
হিসপ্যানিক অথবা ল্যাটিনো নই	90.0%	98.1%	98.5%	97.0%	92.7%	90.3%	98.1%	81.0%	98.9%	98.5%	97.8%
আঞ্চলিক বেঞ্চমার্ক (জনসংখ্যার% বয়স 15+)											
হিসপ্যানিক অথবা ল্যাটিনো	18.0%	4.6%	3.6%	6.4%	16.9%	18.9%	5.0%	27.8%	3.8%	3.2%	4.5%
হিসপ্যানিক অথবা ল্যাটিনো নই	82.0%	95.4%	96.4%	93.6%	83.1%	81.1%	95.0%	72.2%	96.2%	96.8%	95.5%

বর্তমানে আনুমানিক 10 মিলিয়ন নিউ ইয়র্কবাসী টিকা পাওয়ার যোগ্য। নিউ ইর্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক এবং যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা ফেডারেল সরকার থেকে আসা টিকা সরবরাহকে বহু পরিমাণে ছাড়িয়ে গেছে। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোনো অ্যাপয়ন্টমেন্ট ছাড়া টিকাদান সাইটগুলোতে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

কোমোরবিডিটি এবং অন্তর্নিহিত অবস্থা যুক্ত ব্যক্তিদের জন্য পরবর্তী সপ্তাহগুলিতে রোলিংয়ের ভিত্তিতে নতুন নিয়োগের সাথে মুক্তি দেওয়া হয়েছে 'আমি যোগ্য' স্ক্রিনিং টুলটি আগামী সপ্তাহগুলোতে একটি রোলিং ভিত্তিতে মুক্তিপ্রাপ্ত ব্যক্তিদের জন্য আপডেট করা হয়েছে। নিউ ইয়র্কবাসীরা নিম্নলিখিতগুলি ব্যবহার করতে পারেন তাদের যোগ্যতা দেখানোর জন্য:

- চিকিৎসকের চিঠি, অথবা
- চিকিৎসা সংক্রান্ত তথ্য যা কমোর্বিডিটির প্রমাণ দেয়, অথবা
- স্বাক্ষরিত সার্টিফিকেট

নিচের টিকাদান কর্মসূচির সংখ্যাগুলি স্টেটের টিকাদান কর্মসূচির জন্য নিউ ইয়র্কে বন্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটির কর্মসূচির (Long Term Care Facility program) জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। আজ সকাল 11:00টা পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটে রিপোর্ট করা সংখ্যার ভিত্তিতে ডেটার তালিকা নিম্নরূপ। সপ্তাহ 9 থেকে শুরু করে, মোট বরাদ্দে কিছু অতিরিক্ত টিকার ডোজ অন্তর্ভুক্ত করে যা ফেডারেল দীর্ঘমেয়াদী

পরিচর্যার ফেসিলিটি প্রোগ্রাম (Long Term Care Facility program) থেকে পুনরায় বরাদ্দ করা হয়েছে।

স্টেটব্যাপী তালিকা
প্রাপ্ত প্রথম ডোজ - 3,206,430
প্রদান করা প্রথম ডোজগুলি - 3,033,922; 95%
প্রাপ্ত মোট ডোজ - 5,229,950
প্রদান করা মোট ডোজগুলি - 4,698,345

অঞ্চল	প্রাপ্ত মোট ডোজ (1ম ও 2য়)	প্রদান করা মোট ডোজ (1ম ও 2য়)	মোট ডোজের % যা প্রদান করা/প্রাপ্ত হয়েছে (1ম ও 2য়)
ক্যাপিটাল রিজিওন	323,260	292,727	90.6%
সেন্ট্রাল নিউ ইয়র্ক	281,125	252,633	89.9%
ফিঙ্গার লেকস	321,275	295,274	91.9%
লং আইল্যান্ড	673,955	577,977	85.8%
মিড-হাডসন	507,145	422,657	83.3%
মোহক ভ্যালি	157,460	130,924	83.1%
নিউ ইয়র্ক সিটি	2,271,540	2,083,761	91.7%
নর্থ কান্ট্রি	173,495	157,564	90.8%
সাউদার্ন টিয়ার	174,280	162,193	93.1%
ওয়েস্টার্ন নিউ ইয়র্ক	346,415	322,635	93.1%
স্টেটজুড়ে/সমগ্র স্টেটে	5,229,950	4,698,345	89.8%

	নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 1ম ডোজগুলি সরবরাহ করা হয়েছে	নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 2য় ডোজগুলি সরবরাহ করা হয়েছে	মোট	ক্রমসঞ্চিত
সপ্তাহ 1 ডোজ আসছে 12/14 - 12/20	163,650	0	163,650	163,650

সপ্তাহ 2: ডোজ আসছে 12/21 – 12/27	452,125	0	452,125	615,775
সপ্তাহ 3: ডোজ আসছে 12/28 – 01/03	227,395	0	227,395	843,170
সপ্তাহ 4: ডোজ আসছে 01/04 – 01/10	239,025	165,150	404,175	1,247,345
সপ্তাহ 5: ডোজ আসছে 01/11 – 01/17	221,315	119,925	341,240	1,588,585
সপ্তাহ 6: ডোজ আসছে 01/18– 01/24	250,400	462,395	712,795	2,301,380
সপ্তাহ 7: ডোজ আসছে 01/25 – 01/31	260,150	239,525	499,675	2,801,055
সপ্তাহ 8: ডোজ আসছে	321,850	220,720	542,570	3,343,625

02/01 – 02/07				
সপ্তাহ 9: ডোজ আসছে 02/8 – 02/14	320,000	244,500	564,500	3,908,125
সপ্তাহ 10: ডোজ আসছে 2/15 – 2/21	356,990	265,525	622,515	4,530,640
সপ্তাহ 11: ডোজ আসছে 2/22 – 2/28*	393,530	305,780	699,310	5,229,950

আজ পর্যন্ত, নিউ ইয়র্কের প্রদানকারীরা ফেডারেল সরকারের কাছ থেকে পাওয়া প্রথম ডোজের 95 শতাংশ প্রদান করেছে কিন্তু ফেডারেল সরকারের সীমিত বরাদ্দকরণের কারণে, অ্যাপয়েন্টমেন্টগুলি দ্রুত পূরণ হয়ে গেছে। যে নিউ ইয়র্কবাসীরা যোগ্যতা নির্ধারণ করতে এবং একটি স্টেট পরিচালিত গণ টিকাদান সাইটে একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি নির্ধারণ করতে চান, তারা 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইটে যেতে পারেন। নিউ ইয়র্কবাসীগণ অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্টের জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে কল করতে পারেন যেখানে টিকা উপলভ্য আছে।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদানের জন্য উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করা বাধ্যতামূলক করে টিকাদান ফ্যাসিলিটিগুলির জন্য; স্টেটের টিকাদান প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে নিউ ইয়র্কবাসীরা টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেইল করতে পারেন। হটলাইন কর্মীরা যথাযথ তদন্তকারী সংস্থার কাছে অভিযোগ পাঠাবে যাতে নিউ ইয়র্কবাসীদের যাতে ঠকানো

না হয় তা নিশ্চিত করা যায় যখন স্টেট সম্পূর্ণ যোগ্য জনসংখ্যাকে টিকা দেওয়ার জন্য কাজ করে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন